

২০/১/২০০৩

দৈনিক ইকিতলাব

তারিখ
গা

**প্রাথমিক বিদ্যালয়ের সময়সূচী সম্পর্কে
মাননীয় প্রধান উপদেষ্টার দৃষ্টি আকর্ষণ**

বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়গুলো দুই রকম সময়সূচী অনুযায়ী চলে। কতকগুলো ১ শিফটে ও কতকগুলো ২ শিফটে চলে। ১ শিফট ও ২ শিফটের বিদ্যালয় শুরু হয় ৯-৩০ মিনিটে শেষ হয় ৪-১৫ মিনিটে। ২ শিফটের বিদ্যালয়ে ৯-৩০ মিনিটে ১ম ও ২য় শ্রেণীর ক্লাস শুরু হয়, শেষ হয় ১২টার সময়। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী ১২টা থেকে ৪-১৫ মিনিট পর্যন্ত। কিন্তু অসুবিধা হয় ১ শিফটের বিদ্যালয়গুলোতে। ১ শিফটের বিদ্যালয় ৯-৩০ মিনিট থেকে ১ম শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত একই সাথে ক্লাস শুরু হয়। ১ম ও ২য় শ্রেণী ১-১৫ মিনিটে ছুটি হয়। আর ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণী ছুটি হয় ৪-১৫ মিনিটে। আমাদের দেশের অধিকাংশ লোক গরীব ও কৃষিকাজ করে। ১ শিফটের বিদ্যালয়ে ৩য় থেকে ৫ম শ্রেণী ৯-৩০ থেকে ৪-১৫ পর্যন্ত বিদ্যালয়ে থাকতে হয় বিধায় টিফিনের প্রয়োজন হয়। কিন্তু বেশীর ভাগ অভিভাবক টিফিনের ব্যবস্থাও করতে পারেন না। আমাদের দেশের ছেলে-মেয়েদের মাঠে ও বাড়ীতে কাজ করতে হয়। এছাড়া কচিকাঁচা ছেলেমেয়েরা দীর্ঘ সময় বিদ্যালয়ে থাকার ফলে শারীরিক দিক থেকে অসুস্থ হয়ে পড়ে বিধায় বাড়ীতে অভিভাবকদের সাহায্য করার মত শারীরিক ও মানসিক অবস্থা তাদের থাকে না।

অতএব তত্ত্বাবধায়ক সরকারের নিকট আকুল আবেদন, শিশুদের বয়সের দিক লক্ষ্য রেখে বিদ্যালয়ের সময়সীমা নির্ধারণ করে দিলে আমাদের মত গরীব মানুষের ছেলে-মেয়েরা পড়াশুনা করতে পারে ও আমাদের বাড়ীতে কাজে সাহায্য করতে পারে। আমরা ১ শিফটের প্রাথমিক বিদ্যালয়গুলোর সময়সূচী পরিবর্তন চাই ও সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে এক রুটিন ও একই সময় নির্ধারণ করার জন্য বিশেষভাবে আবেদন জানাই।

—মোঃ কাঞ্চন মিয়া
গোয়ালচামট ১ নং সড়ক,
পোঃ শ্রী অঙ্গন, জেলা- ফরিদপুর।